# এক নজরে পাটগ্রাম উপজেলার মৎস্য সম্পদ সম্পর্কিত তথ্যাদিঃ

বাংলাদেশের জাতীয় অর্থনীতিতে মৎস্য খাতের গুরুত্ব অপরিসীম। প্রাণিজ আমিষের প্রায় ৬০ শতাংশ পূরণের পাশাপাশি বাংলাদেশের জনগনের দারিদ্র বিমোচন, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ, বৈদেশিক মুদ্রা অর্জন ও বেকারত্ত দূরীকরনে মৎস্য সেক্টরের অবদান অনস্বীকার্য। সরকারের নানামুখী কার্যক্রম বাস্তবায়নের ফলে মাছের উৎপাদন পূর্বের তুলনায় প্রতিবছর প্রায় ৫% হারে প্রবৃদ্ধি অব্যাহত রয়েছে। দেশের ১১ শতাংশেরও বেশী মানুষ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জীবিকা নির্বাহের জন্য মৎস্য খাতের উপর নির্ভরশীল। পাটগ্রাম উপজেলা মৎস্য সম্পদে ভরপুর সম্ভাবনাময় একটি উপজেলা। এ উপজেলায় বাৎসরিক মাছের চাহিদা ৪৪৮১ মে.টন এবং উৎপাদন ২৮৬১ মে.টন।

দেশের মৎস্য সম্পদের সার্বিক উন্নয়ন সাধনে সমন্বিত প্রাকৃতিক মৎস্য সম্পদ ব্যবস্থাপনা, জীব-বৈচিত্র্য সংরক্ষণ এবং আধুনিক উপায়ে পরিকল্পিত মৎস্যচাষ, আহরন ও ব্যবস্থাপনা অপরিহার্য। মৎস্য বিভাগের কর্মতৎপরতার ফলে উপজেলার পতিত জরাশয় চাষের আওতায় আনা, নিরাপদ মাছ উৎপাদন নিশ্চিত করা, উন্মুক্ত জলাশয়ে জীব-বৈচিত্র্য সংরক্ষণে সহায়তা করা, মৎস্যচাষী ও মৎস্যজীবীদের আর্থসামাজিক অবস্থার উন্নয়ন ঘটানো এবং হেক্টর প্রতি মাছের উৎপাদন আরো বৃদ্ধি করা সম্ভব।

লালমনিরহাট জেলা সদর থেকে প্রায় ৯০ কিলোমিটার উত্তর-পশ্চিমে এই উপজেলার অবস্থান। এই উপজেলাটির দক্ষিণে হাতীবান্ধা উপজেলা এবং পুর্ব, উত্তর ও পশ্চিমে ভারত দ্বারা পরিবেষ্টিত। এখানকার লোকজন মুলতঃ কৃষি কাজের উপর জীবিকা নির্বাহ করে। উপজেলার মোট আয়তন ২৬১৫১ হেক্টর এবং পুকুরসহ অন্যান্য জলাশয়ের সংখ্যা ৪,৬০০ টি যার আয়তন ৯০০ হেক্টর। এই উপজেলায় ২,২৭,৩৬৬ জন লোক বসবাস করে। এখানে ৪,০১২ টি মৎস্যচাষী পরিবার রয়েছে। মৎস্য চাষে ব্যাপক পরিবর্তণ আসার ফলে এখানে মাছ চাষের পরিমান বিগত বছরের চেয়ে ২৫% বৃদ্ধি পেয়েছে। মৎস্যচাষীরা এতদিন সাধারণত কার্প জাতীয় মাছের চাষাবাদ করে আসছিল। কিন্তু বিগত বৎসরে আইএপিপি, ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়), রংপুর বিভাগে মৎস্য উন্নয়ন প্রকল্প এর মাধ্যমে মনোসেক্স তেলাপিয়া, কার্প নার্সারী, কার্প মিশ্র, কৈ-শিং-মাগুর, পাঙ্গাস, হাইব্রিড থাই, ভিয়েতনাম- কৈ, গলদা-কার্প, পাবদা এবং দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ করে চাষীরা বেশ লাভবান হচ্ছে এবং অত্র উপজেলায় আমিষের অভাব পূরণে সহায়ক ভূমিকা রেখে চলেছে।

মৎস্য অধিদপ্তরের রাজস্ব ও বিভিন্ন প্রকল্পের আর্থিক সহায়তায় মৎস্যচাষীদের প্রশিক্ষন, প্রদর্শনী, মাঠ দিবস, মতবিনিময় সভা করার ফলে বিভিন্ন ধরনের প্রযুক্তি চাষীদের মাঝে ছড়িয়ে পড়েছে । বর্তমানে মৎস্যচাষী ভাইয়েরা এই প্রযুক্তি গুলি মাঠে ব্যবহারের মাধ্যমে তাদের উৎপাদন বাড়াচ্ছে এবং জীবন ও জীবিকার মান বাড়ছে ।

# এক নজরে পাটগ্রাম উপজেলার মৎস্য সম্পদের বিবরণীঃ

| ক্রঃ নং | বিষয় | পরিমান/সংখ্যা | আয়তন | উৎপাদন |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলার আয়তন | - | ২৬১.৫৯বর্গকি:মি | - |
| ০২ | মোট গ্রামের সংখ্যা | ৭৬ টি | - | - |
| ০৩ | ইউনিয়নের সংখ্যা | ৮ টি | - | - |
| ০৪ | পৌরসভার সংখ্যা | ১ টি | - | - |
| ০৫ | মোট জনসংখ্যা (আদম সুমারী-২০১১) | ২২৭৩৬৬জন | - | - |
| ০৬ | বাৎসরিক মাছের চাহিদা | - | - | ৪৪৮১ মে:টন |
| ০৭ | বাৎসরিক মাছের উৎপাদন | - | - | ২৮৬১ মে:টন |
| ০৮ | বাৎসরিক মাছের ঘাটতি | - | - | ১৬২০ মে:টন |
| ০৯ | ২০২৩ সালে মাছ উৎপাদন লক্ষ্যমাত্রা | - | - | ৪৫০০ মে:টন |
| ১০ | সরকারী পুকুরের সংখ্যা | ০৬ টি | ৬.১৭ হেক্টর | ২৪.৮৩ মে:টন |
| ১১ | বেসরকারী পুকুরের সংখ্যা | ৪৫৭১ টি | ৪৭১.৮৩ হেক্টর | ১৮৯৬.৭৫ মে:টন |
| ১২ | সরকারী প্লাবনভূমির সংখ্যা | - | - | - |
| ১৩ | বেসরকারী প্লাবনভূমির সংখ্যা | ১৮ টি | ৫০৬.০ হেক্টর | ২০৯.০ মে:টন |
| ১৪ | সরকারী খালের সংখ্যা | - | - | - |
| ১৫ | বেসরকারী খালের সংখ্যা | - | - | - |
| ১৬ | সরকারী বিলের সংখ্যা | ০১ টি | ৮.৬৮ হেক্টর | ১.২০ মে:টন |
| ১৭ | বেসরকারী বিলের সংখ্যা | ০৪ টি | ৩২.৫ হেক্টর | ৭২.১০ মে:টন |
| ১৮ | বাণিজ্যিক মৎস্য খামারের সংখ্যা | ০৩ টি | ২.১২ হেক্টর | ১৫.৯৬ মে:টন |
| ১৯ | গলদা চিংড়ি চাষীর সংখ্যা | ২জন | ০.৮০ হেক্টর | ১.২ মে:টন |
| ২০ | মোট নদীর সংখ্যা | ০৪ টি | ১৫০ হেক্টর | ৪২.০ মে:টন |
| ২১ | ধান ক্ষেতে মাছ চাষীর সংখ্যা | ১৫৭ জন | ১৪৬.০ হেক্টর | ১৫৩.০ মে:টন |
| ২২ | মৎস্য অভয়াশ্রমের সংখ্যা | ২ টি | ১.০ হেক্টর | ২.১০ মে:টন |
| ২৩ | বেসরকারী হ্যাচারী সংখ্যা | ৫৫ টি | ২৫.২৮ হেক্টর | ৫৪.৬০ মে:টন |
| ২৪ | সরকারী হ্যাচারী সংখ্যা | - | - | - |
| ২৫ | বেসরকারী নার্সরি সংখ্যা | ২৪ টি | ১৩.৬৫ হেক্টর | ৩২.৭৬ মে:টন |
| ২৬ | সরকারী নার্সরি সংখ্যা | - | - | - |
| ২৭ | মৎস্যজীবী সংখ্যা | ৮২৬ জন | - | - |
| ২৮ | মৎস্য চাষীর সংখ্যা | ৪০১২ জন | - | - |
| ২৯ | মৎস্যজীবী সমবায় সমিতির সংখ্যা | ০৪ টি | - | - |
| ৩০ | মুক্ত জলাশয়ে পোনা মাছ অবমুক্তি (২০২১) | ৩৭৭.১৫ কেজি | ৪৪.২৫ হেক্টর | ৩৭৬.০ মে:টন |
| ৩১ | পোনা ব্যবসায়ীর সংখ্যা | ৮৫ জন | - | - |
| ৩২ | মৎস্য আড়ৎ সংখ্যা | ০৩ টি | - | - |
| ৩৩ | মাছের হাট/বাজার | ১৭ টি | - | - |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৪ | বরফ কল সংখ্যা | ০৩ টি | - | - |
| ৩৫ | প্রশিক্ষণ মৎস্য চাষীর সংখ্যা | ২৪০ জন | - | - |
| ৩৬ | উন্নয়ন প্রকল্পের সংখ্যা | ০১ টি | - | - |

## চলমান রাজস্ব ও প্রকল্পের কার্যক্রমসমূহঃ

| ক্রঃ নং | প্রকল্প/রাজস্ব | কর্যক্রমে বিবরণ |
|---|---|---|
| ০১ | রাজস্ব খাতের কার্যক্রম | ➢ মৎস্য চাষিদের মৎস্য চাষে বিভিন্ন সমস্যার সমাধানে প্রশিক্ষণ ও পরামর্শ প্রদান।<br>➢ মৎস্য চাষিদের ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান।<br>➢ মৎস্য চাষিদের মৎস্য খামার স্থাপন ও প্রকল্প প্রনয়নে সহ্যতা প্রদান।<br>➢ সরকারী হ্যাচারির মাধ্যমে মান সম্মত পোনা ও পি.এল প্রাপ্তিতে সহায়তা প্রদান।<br>➢ বিভিন্ন সরকারী, বেসরকারী, জলাশয়ে কার্প ও দেমীয় বিপন্ন প্রায় প্রজাতির মাছের পোনা অবমুক্ত করণ।<br>➢ মৎস্য সংরক্ষণ আইন, মৎস্য খাদ্য আইন, মৎস্য হ্যাচারী আইন বাস্তবায়ন।<br>➢ মাছে ফরমালিন ব্যবহার নিয়ন্ত্রণে আইন বাস্তবায়ন।<br>➢ মৎস্য উৎপাদন পরীবিক্ষণ, মূল্যায়ন ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা প্রনয়ন।<br>➢ মুক্ত জলাশয়ে দেশীয় প্রজাতির মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিল নার্সারী কার্যক্রম বাস্তবায়ন।<br>➢ জেলেদের নিবন্ধন হালনাগাদকরণ। |
| ০২ | ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাস প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) (২য় সংশোধিত) | ➢ প্যাকেজ ভিত্তিক প্রদর্শনী খামার স্থাপন<br>➢ মাঠ দিবস<br>➢ মতবিনিময় সভা<br>➢ প্রশিক্ষণ প্রদান<br>➢ সিবিজি'র মাধ্যমে খাচায় মাছ চাষ ও কার্প মিশ্রচাষ |